

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬৯

১/ বিবিধ

আরবী

من أسرج في مسجد سراجا لم تزل الملائكة تصلي عليه ما دام في السراج قطرة موضوع

رواه أبو الحسن الحمامي في " الفوائد المنتقاة " (9/206/2): حدثنا محمد بن العباس بن الفضل: حدثنا سنان بن محمد بن طالب: حدثنا عبد الله بن أيوب حدثنا أيوب بن عتبة عن يحيى بن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة مرفوعا وقال أبو الفتح بن أبي الفوارس هذا حديث غريب من حديث يحيى بن أبي كثير، لا أعلم حدث به إلا أيوب بن عتبة

قلت: وهو ضعيف كما في " التقريب ". لكن الآفة ليست منه وإنما من الراوي عنه عبد الله بن أيوب وهو ابن أبي علاج الموصلي، قال الذهبي: متهم بالوضع مع أنه من كبار الصالحين

ثم ساق له أربعة أحاديث وقال فيها وهذه بواطيل وهذه بواطيل وقال في أحدها فهذا كذب بين

বাংলা



১১৬৯। যে ব্যক্তি মসজিদে বাতি জ্বলিয়ে (মাসজিদকে) আলোকিত করবে, ফেরেশতারা তার প্রতি রহমত কামনা করে দু'আ করতে থাকবে যে পর্যন্ত বাতিতে এক ফোটা (তেল) থাকবে।

হাদীসটি বানোয়াট।

হাদিসটিকে আবুল হাসান আল-হামিমী "আল-ফাওয়ায়িদুল মুনতাকাত" গ্রন্থে (৯/২০৬/২) মুহাম্মাদ ইবনুল আব্বাস হতে, তিনি সিনান ইবনু মুহাম্মাদ ইবনে তালেব হতে, তিনি আবদুল্লাহ ইবনু আইয়ুব হতে, তিনি আইয়ুব ইবনু উতবাহ হতে তিনি ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে, তিনি আবূ সালামাহ হতে, তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আবুল ফাৎহ ইবনু আবিল ফাওয়ারিস বলেনঃ ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে বর্ণিত এ হাদীসটি গারীব। আইয়ুব ইবনু উতবাহ ব্যতীত অন্য কেউ এটিকে বর্ণনা করেছেন বলে জানিনা।

আমি (আলবানী) বলছিঃ তিনি (আইয়ুব ইবনু উতবাহ) দুর্বল, যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। কিন্তু সমস্যা তার থেকে নয়, সমস্যা হচ্ছে তার থেকে বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু আইয়ূব থেকে তিনি হচ্ছেন ইবনু আবী ইলাজ মুসেলী।

হাফিয যাহাবী তার সম্পর্কে বলেনঃ তিনি জাল করার দোষে দোষী যদিও তিনি বড় বড় নেককারদের অন্তর্ভুক্ত ছিলেন। অতঃপর তিনি তার চারটি হাদীস উল্লেখ করে সেগুলোর ব্যাপারে বলেনঃ এগুলো বাতিল হাদীস। আর সেগুলোর একটির ব্যাপারে বলেনঃ এটি সুস্পষ্ট মিথ্যা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন